

জন্মদিনের কবিতা

চোখের পাতায় রৌদ্র কিরণ
হাতের পাতায় বৃষ্টি কণা
অতিথি এখন আর একটা প্রেম
কিন্তু এখন কেউ জানে না
অবুঝ মনে থাকে না কিছু
বাকিটা বোঝা দিনযাপনে
ছন্দময় সবই এখন
ছন্দ ফুটুক স্বাভিমাণে
তারার মতন স্বপ্ন জুলুক
দু'চার পংক্তি কবির প্রেমে
আঠারো-পার কিশোরী মেয়ে
তোমার নতুন জন্মদিনে।

দ্রশংকর

